

Proclamation of sale of Immovable Property

(West Bengal Co-operative Societies Act, 2006)

স্থাবর সম্পত্তি নিলামের ঘোষণা পত্র

(পশ্চিমবঙ্গ সমবায় আইন, ২০০৬-এর ত্রয়োদশ অধ্যায়ের ১২৩ ধারা মতে এবং

পশ্চিমবঙ্গ সমবায় সমিতির নিয়মাবলী, ২০১১ অনুযায়ী)

জেলা - পূর্ব মেদিনীপুর : মোকাম - বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ

সম্প্রদায়িক - বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ

সাং- কাঁথি, ডাকঘর - কাঁথি,

থানা - কাঁথি, জেলা - পূর্ব মেদিনীপুর।

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যায় যে, নিম্নলিখিত তপশীল বর্ণিত বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডের সম্পত্তি পশ্চিমবঙ্গ সমবায় আইন, ২০০৬-এর ১২৩ ধারা মতে এবং পশ্চিমবঙ্গ সমবায় সমিতির নিয়মাবলী, ২০১১ অনুযায়ী প্রকাশ্য নীলাম বিক্রয় হইবে।

নীলাম স্থগিতের হুকুম না থাকিলে বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের প্রধান কার্যালয়, কাঁথি, পূর্ব মেদিনীপুর-এ সেল অফিসার কর্তৃক ইং ২৯.১০.২০২৪ তারিখে বেলা ১১.৩০ ঘটিকায় আরম্ভ নীলামে বিক্রয় হইবে।

নীলাম সর্বসাধারণকে স্বয়ং বা রীতিমত ক্ষমতাপ্রাপ্ত কারপরিদাজ দ্বারা নীলামে ডাকিবার নিমিত্ত আহ্বান করা যাইতেছে। তবে পূর্বাঙ্কে সেল অফিসারের নিকট গৃহীত সুস্পষ্ট অনুমতি ব্যতীত উপরোক্ত বা তাঁহাদের তরফের কোন ডাক গ্রাহ্য হইবে না কিংবা রসিদ সিদ্ধ হইবে না।

নীলাম সংক্রান্ত অপরাপর নিয়ম :

১) নিম্নের তপশীলের বিবরণ সমূহ ব্যাঙ্কের অবগতিমতে প্রদত্ত হইল। কিন্তু এই ঘোষণাপত্রে, কোন ভ্রম-প্রমাদ অথবা বর্ণনা বা ত্রুটি থাকিলে তৎক্ষণাৎ ব্যাঙ্ক দায়ী হইবে না।

২) ডাক কি পরিমাণে বৃদ্ধি করিতে হইবে তাহা নীলামকারক কর্মচারী স্থির করিবেন। ডাকের টাকা সম্বন্ধে অথবা যে ব্যক্তি ডাক দেবেন তাঁহার সম্বন্ধে কোনও বিতর্ক উপস্থিত হইলে, লোট তৎক্ষণাৎ পুনরায় নীলামে তোলা হইবে।

৩) যে ব্যক্তির ডাক সর্বোচ্চ, তিনি আইনগত ডাক দিতে সক্ষম হইলে তাঁহাকে লোটের খরিদদার সাব্যস্ত করা হইবে। কিন্তু যদি সর্বোচ্চ ডাকের মূল্য স্পষ্টতঃ এত কম হয় যে তাহা অগ্রাহ্য করা পরামর্শসিদ্ধ হয় তবে আদালত কিম্বা নীলামকারক কর্মচারী ইচ্ছাকৃত উক্ত সর্বোচ্চ ডাক অগ্রাহ্য করিতে পারিবেন।

৪) খরিদদার বলিয়া সাব্যস্ত হইবার অব্যবহিত পরেই উক্ত খরিদদার মূল্যের টাকার মধ্যে শতকরা ২৫.০০ টাকা নীলামকারক কর্মচারীর নিকট জমা দিবেন এবং তাহা না দিলে উক্ত সম্পত্তি তৎক্ষণাৎ পুনরায় নীলামে উঠাইয়া বিক্রয় করা হইবে।

৫) সম্পত্তি নীলামের পর নীলামের তারিখ বাদে পঞ্চদশ দিনের মধ্যে ব্যাঙ্ক বন্ধ হওয়ার পূর্বে মূল্যের সমুদয় টাকা দিতে হইবে, কিংবা পঞ্চদশ দিন রবিবার কিংবা ছুটির দিন হইলে, পঞ্চদশ দিনের পর প্রথম কাছারির দিনে তাহা দিতে হইবে।

৬) উক্ত নির্ধারিত সময়ের মধ্যে মূল্যের বাকী টাকা দেওয়া না হইলে নতুন নীলাম ইস্তাহার জারী করিয়া সম্পত্তি পুনরায় বিক্রয় করিতে হইবে। নীলামের বাবদ আমানতি টাকা ব্যাঙ্ক উচিত বিবেচনা করিলে তাহা বাজেয়াপ্ত করিতে পারিবে এবং উক্ত সম্পত্তি উহা পরে যে মূল্যে বিক্রয় হবে তাহার কোন অংশ উক্ত মূল্যে আদায়ে ত্রুটিকারী খরিদদারের কোন দাবী থাকিবে না।

অদ্যসন ২০২৪ সালের ২৬.০৯.২০২৪ তারিখে আমার স্বাক্ষর ও আদালতের মোহরযুক্তমতে দেওয়া গেল।

২৬.০৯.২৪
সেল অফিসার

Sale Officer &

Inspector of Co-operative Societies

Block

সম্পত্তির তপশীল

লোটের নম্বর	বিক্রেয় সম্পত্তির সম্প্রদায়িকারীর নাম	বিক্রেয় সম্পত্তির বিশেষ বিবরণ							
		জেলা	থানা	মৌজা	জে. এল. নং	খতিয়ান নং	দাগ নং	স্থানের পরিমাণ	স্থানের প্রকৃতি
১	বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ	পূর্ব মেদিনীপুর	রামনগর	তাজপুর	২৪৪	১৮৬১	৪৪১	৫০ ডে.	গোস্তা গৃহ সমূহ সহ বাস্তু ভূমি
							মোট -	৫০ ডে.	



২৬.০৯.২৪
সেল অফিসার

Sale Officer &

Inspector of Co-operative Societies

Block